

### ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তির তারিখ ঘোষণা

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদিতা। বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ও বিবি এ কোর্সের ভর্তির তারিখ ঘোষণা করা হইয়াছে। ৯ হইতে ১৬ই এপ্রিলের মধ্যে মেধা তালিকার ভর্তিচ্ছুদের আবেদনপত্র সংগ্রহ করিয়া ২০শে এপ্রিলের মধ্যে জমা দিতে হইবে। ১৫ হইতে ১৭ এপ্রিলের মধ্যে অপেক্ষমাণ তালিকার ভর্তিচ্ছুদের লিখিত আবেদনের পর ২২ ও ২৩শে এপ্রিল ভর্তি ফরম সংগ্রহ করিয়া ২৫শে এপ্রিলের মধ্যে জমা দিতে হইবে। ১০ হইতে ২০শে এপ্রিল পর্যন্ত উপজাতীয় ছাত্রদের ভর্তি কার্যক্রম চলিবে। ইহাছাড়া খেলোয়াড় কোটার ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ১২ই এপ্রিলের মধ্যে আবেদন করিয়া নির্বাচিতদের ২৪শে এপ্রিলের মধ্যে ভর্তি হইতে বলা হইয়াছে। উল্লেখ্য, ১১ই মে হইতে প্রথম বর্ষের ক্লাস শুরু হইবে।